

## সভা নং- ১৫

সভার তারিখ-২৬/১২/২০২৩

সভার স্থান- মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়

সভার বিষয়ঃ নভেম্বর/২৩ হতে ডিসেম্বর/২৩ মাসের যুব কার্যক্রমের অগ্রগতি

সভাপতি- শামীম আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পদবী	উপস্থিতির স্বাক্ষর
০১	জনাব হামিদুল হক মান্নান চেয়ারম্যান, ১০ নং আহলা-কড়লডেকা, ইউ.পি, বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০২	উপজেলা শিক্ষা কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৩	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৪	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম।	সদস্য সচিব	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে কার্যক্রম সম্পর্কে আলোচনা করার আহ্বান জানান।

সদস্য সচিব তাঁর বক্তব্যের শুরুতেই, “যুব ও ক্রীড়া উন্নয়ন” সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতিকে যুব উন্নয়ন অধিদপ্তর ও কমিটির পক্ষ থেকে অভিনন্দন ও বাগত জানান। তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং পাঠ শেষে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভার সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোহাম্মদ মাহুদ সভাকে অবহিত করেন যে, আত্মকর্মসংস্থান কর্মসূচীর আওতায় চলতি অর্ধবছরে নভেম্বর/২৩ ইং ডিসেম্বর/২৩ ইং মাসে ৪টি ব্যাচে মোট ১২০ জন সহ চলতি অর্ধবছরে ডিসেম্বর/২৩ ইং পর্যন্ত ০৯ টি ব্যাচে ২৭০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষিত ও আত্মকর্মী ০৫ জন যুব ও যুব মহিলাকে ৫,৪০,০০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) যুব ঋণ বিতরণ করা হয়। চলতি অর্ধবছরে ডিসেম্বর/২৩ ইং পর্যন্ত মোট ১৪ জন যুব ও যুব মহিলাকে ৯,৪০,০০০/- (নয় লক্ষ চল্লিশ হাজার) যুব ঋণ বিতরণ করা হয়। প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য থেকে ডিসেম্বর/২৩ ইং পর্যন্ত মোট ২২ জন যুব ও যুব মহিলাকে সফল আত্মকর্মী হিসেবে গড়ে তোলা হয়। ঋণ আদায়ের হার ৯৯.৫৫।

সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আরো জানান যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তিনির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা ইমপ্যাট-৩য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের কার্যক্রম সম্পর্কিত একটি পত্র সভায় উপস্থাপন করেন। পত্রের বিষয়বস্তুর আলোকে উপস্থিত সম্মানিত সকল সদস্যগণ ব্যাপক আলোচনা করে দ্রুত কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আরো জানান যে, পরিবারভিত্তিক ঋণ কর্মসূচীর আওতায় চলতি অর্ধবছরে একটি কেন্দ্র গঠনের লক্ষ্যমাত্রা রয়েছে, কেন্দ্রটি পরবর্তী ২-৩ মাসের মধ্যে গঠন করে সদস্যদের মাঝে ঋণ বিতরণ করা হবে।

ঋণ আদায়ের অগ্রগতি সম্পর্কীয় সভাপতির এক প্রশ্নের জবাবে সদস্য সচিব জানান যে, চলমান কিস্তি ও খেলাপী টাকা আদায়ের লক্ষ্যে ঋণ গ্রহীতার সাথে নিবিড় তদারকি অব্যাহত আছে। সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত কার্যক্রমে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

সভার আর কোনো আলোচ্যসূচী বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে করে সভার কাজ সমাপ্ত করেন।

(শামীম আরা বেগম)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, বোয়ালখালী

ও  
সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি, বোয়ালখালী, চট্টগ্রাম।

তারিখ-২৬/১২/২০২৩ খ্রি:

সদর অবগতির জন্য কপি প্রেরিত হলো:-

স্মারক নং-৯৩১

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।

৩। অফিস কপি।

(মোহাম্মদ মাহুদ)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
বোয়ালখালী, চট্টগ্রাম।